যুগান্তর

তারিখ ... 20 APR 2018 ...
পৃষ্ঠা ...১৯... কলাম ...২... ......

# রাজধানীতে ভুয়া প্রশ্নপত্র ফাঁসচক্রের ৪ সদস্য গ্রেফতার

যুগান্তর রিপোর্ট

রাজধানীর যাত্রবাড়ী, ওয়ারী এবং ঢাকার নবাবগঞ্জ এলাকা থেকে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে এইচএসসি পরীক্ষার ভুয়া প্রশ্নপত্র প্রদানের প্রলোভন দেখিয়ে অর্থ আদায়কারী চক্রের চার সদস্যকে গ্রেফতার করেছে র‌্যাব-১০। বৃহস্পতিবার বিকালে তাদের গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃতরা হলেন- মিদুল বনিক (১৯), মো. রাকিব (১৮), মো. শাওন (১৮) ও মো. জুবায়ের হোসেন। র‌্যাব-১০ এর কোম্পানি কমান্ডার অতিরিক্ত পুলিশ সুপার (এএসপি) মুহাম্মদ মহিউদ্দিন ফারুকী যুগান্তরকে বলেন, চক্রের সদস্যরা এইচএসসি পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁসের প্রলোভন দেখিয়ে পরীক্ষার্থীদের কাছ থেকে টাকা হাতিয়ে নিয়েছে। রাজধানীর পৃথক জায়গায় অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়েছে।